


বিশ্ববিদ্যালয়



NOV. 28 2002

কাল ঢা.বি হল খুলবে
বিশ্ববিদ্যালয়কে সুন্দর করার
জন্য আন্দোলন গড়ে তুলব
ঢা.বি উপাচার্য
নিজস্ব বার্তা পরিবেশক : ঢাকা বিশ্ববিদ্যালয় উপাচার্য ড. এস এম এ ফায়েজ বলেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের সবকিছুকে সুন্দর করার জন্য সকলে মিলে আন্দোলন গড়ে তুলব। গতকবার সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে উপাচার্য আরও বলেন, বিশ্ববিদ্যালয়ের তুলব : - পৃঃ ২ কঃ ১

তুলব : আন্দোলন
(১ম পৃষ্ঠার পর)

লেখাপড়ার মান উন্নয়নের জন্যও সকলে মিলে প্রচেষ্টা চালাবো।
বিশ্ববিদ্যালয় প্রশাসনকে আরও গতিশীল করা, ছাত্রছাত্রীদের আবাসন সমস্যার সমাধান, হলের খাবারের মান উন্নয়ন, চিকিৎসা কেন্দ্রের উন্নয়নসহ ক্যাম্পাসের সার্বিক উন্নয়ন নিশ্চিত করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেয়া হবে বলে উপাচার্য উল্লেখ করেন। মতবিনিময়কালে বিশ্ববিদ্যালয় সংবাদদাতারা তাদের বিভিন্ন সমস্যাসহ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে তাদের পেশাগত কাজের ক্ষেত্রে বিভিন্ন প্রতিবন্ধকতা তুলে ধরেন। উপাচার্য গণসংযোগ বিভাগকে আরও গতিশীল করাসহ এ বিষয়ে কার্যকর পদক্ষেপ নেয়ার আশ্বাস দেন।
মতবিনিময়কালে প্রো-ভিসি ড. আ. ফ. ম ইউসুফ হায়দার, ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক আতিকুর রহমান উপস্থিত ছিলেন।
এদিকে দীর্ঘ ২ মাস বন্ধ থাকার পর আগামীকাল রোববার ঢাকা বিশ্ববিদ্যালয় হলগুলো খুলবে। ক্লাস শুরু হবে বৃহস্পতিবার থেকে।